দৈনিক ইনকিলাব

JUL 02 2002

ধুরী তদন্ত রিপোর্টকে বস্তুনিষ্ঠ আখ্যা য় বলেছেন, বিচারপতি দায়িত্বশীলতার চয় দিয়েছেন। তবে তিনি দলনিরপেক্ষ াচার্য নিয়োগের বিষয়ে দ্বিমত পোষণ রে বলেন, নিরপেক্ষ বলে কেউ নেই। আমাদের কাজে নিরপেক্ষতা প্রমাণ করতে হবে।

বিচার বিভাগীয় তদন্ত রিপোর্টকে কেউ কেউ ঐতিহাসিক রিপোর্ট বলে অবিহিত করেছেন। নীল দলের এক প্রভাবশালী শিক্ষক ড. হারুন-অর রশীদ বলছিলেন, পত্রপত্রিকার মাধ্যমে যতটুকু জানতে পেরেছি তাতে রিপোর্টকে বহুলাংশে বস্তুনিষ্ঠ মনে হয়েছে। আমি মনে করি, এ রিপোর্ট সবার কাছে গ্রহণযোগ্যতা পাবে। তিনি আরও বলেন, বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠনের পর অনেকে মনে করেছিলেন, রিপোর্টে হয়তো সরকারের সাফাই গাওয়া হবে; কিন্তু বিচারপতি সেই ধারণাকে ভুল প্রমাণিত করেছেন। তিনি সত্যগুলো তুলে ধরেছেন। বাংলাদেশে এ ধরনের রিপোর্টে এটা প্রথম, এর মাধ্যমে বিচার বিভাগের প্রতি জনগণের আস্থা আরও বেড়ে যাবে।

শামসুন্নাহার হলের দুর্ভাগ্যজনক ঘটনার পর সাধারণ ছাত্রছাত্রীরা ছাত্রী নির্যাতনবিরোধী যে আন্দোলন গড়ে

## ঢাঃ বিঃ ক্যাম্পাসে ২০ প্রেমিক জুটি পাকড়াও

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গত দু'দিনে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ঝটিকা অভিযান চালিয়ে আপত্তিকর অবস্থায় ২০ প্রেমিক জুটিকে পাকড়াও করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এদের মধ্যে বহিরাগত জুটিদের পুলিশের হাতে সোপর্দ করা হয়েছে। এছাড়া পরিচয়পত্র জমা নিয়ে ছেড়ে দেয়া হয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের।

ক্যাম্পাসের অসামাজিক কার্যকলাপ রোধে গত মে মাস থেকে ক্যাম্পাসে অশালীন আড্ডার ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়। এরপর থেকে সপ্তাহে তিন দিন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর নজরুল ইসলাম ও সহকারী প্রক্টরদের নেতৃত্বে সন্ধ্যা রাতে ক্যাম্পাসে ঝটিকা অভিযান চালানো হচ্ছে। গত রবিবার রাতে এ ধরনের এক অভিযানে পাঁচ বহিরাগত জুটি অসামাজিক কার্যকলাপে লিপ্ত থাকা অবস্থায় হাতেনাতে ধরা পড়ে। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষকের ফোন পেয়ে কলাভবনের বিভিন্ন ক্লাসরুমে অভিযান চালান সিনিয়র সহকারী প্রক্টর ফাতেমা বেগম, সহকারী প্রক্টর অধ্যাপক নাজমুল আহসান কলিমুল্লাহ, সিদ্দিকুর রহমান ও আব্দুস সবুর মোল্লা। কলাভবনের ৮/১০টি রুম তল্লাশি করে তারা ৮ প্রেমিক জুটিকে আপত্তিকর অবস্থায় আটক করেন। এদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া তিন ছাত্র-ছাত্রীর পরিচয়পত্র জমা নিয়ে ছেড়ে দেয়া হয়। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এছাড়া বহিরাগত ৫ জুটিকে পুলিশের নিকট সোপর্দ করা হয়। বহিরাগতরা ক্লাসরুম ফাঁকা পেয়ে সেখানে অশালীন আড্ডায় মেতে উঠেছিল। ক্যাম্পাসের আমতলা, বটতলা ছেড়ে এবার ক্লাসরুমে বহিরাগতদের এ আপত্তিকর আড্ডায় দারুণভাবে ক্ষুব্ধ হয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা।